

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৭৭৩

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ মুহর্রিম ব্যক্তির জন্য চামড়ার মোজা পরিধান বৈধ, যদি জুতা না পায় অথবা পায়ের টাখনুর নিচ পর্যন্ত মোজা কেটে ফেলে

ذِكْرُ الْبَيَانِ أَنَّ الْمُحْرِمَ إِنَّمَا أُبِيحَ لَهُ فِي لِبْسِ الْخَفَيْنِ عِنْدَ عَدَمِ النُّعْلَيْنِ أَوْ إِنْ قَطَعَهُمَا
أَسْفَلَ مِنَ الْكَعْبَيْنِ

আরবী

3773 - أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ: أَنَّ رَجُلًا سَأَلَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَا يَلْبَسُ الْمُحْرِمُ مِنَ الثِّيَابِ؟ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا يَلْبَسُ الْقَمِيصَ وَلَا الْعَمَائِمَ وَلَا السَّرَاوِيْلَ وَلَا الْبُرَانِسَ وَلَا الْخِفَافَ إِلَّا أَحَدٌ لَا يَجِدُ النُّعْلَيْنِ فَلْيَلْبَسِ الْخُفَيْنِ وَلْيَقْطَعْهُمَا أَسْفَلَ مِنَ الْكَعْبَيْنِ وَلَا تَلْبَسُوا مِنَ الثِّيَابِ شَيْئًا مَسَّهُ الْوَرَسُ وَالزَّعْفَرَانُ)
الراوي : ابن عمر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات
الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3773 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))
(1600): ق.

বাংলা

৩৭৭৩. ইবনু উমার রাযিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করেন, “যখন আমরা ইহরাম বাঁধবো, তখন আমরা কী পোশাক পরিধান করবো?” জবাবে তিনি বলেন, “তোমরা জামা, পাজামা, পাগড়ী, মস্তক আবরণী এবং চামড়ার মোজা পরিধান করবে না। তবে কোন ব্যক্তির যদি জুতা না থাকে, তবে সে তার মোজার টাখনুর নিচে কেটে নিবে এবং সে জাফরান ও ওয়ারস (এক প্রকার সুগন্ধি) মিশ্রিত কাপড় পরিধান করবে না।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৩৩০; মুসনাদ ইমাম শাফেঈ: ১/২৭৯; দারেমী: ২/৩০; সুনান বাইহাকী: ৫/২৬; মুসনাদ আহমাদ: ২/৯; সহীহুল বুখারী: ১৫২২; সহীহ মুসলিম: ১১৮২; নাসাঈ: ৫/১২৫; সহীহ ইবনু খুযাইমাহ: ২৫৮৯; তাহাবী: ২/১১৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৬০০)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93112>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন